

## অফিস আদেশ

উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, হোসেনপুর, কিশোরগঞ্জ এর ইনোভেশন টিম নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো। টিমের ওপর অর্পিত সকল দায়িত্ব সঠিকভাবে পালনের জন্য এতদ্বারা নির্দেশ প্রদান করা হলো।

### ইনোভেশন টিম


ক্রম	নাম ও পদবী	কমিটিতে অবস্থান
১.	জনাব সাবিকুল্লাহর, উপজেলা মৎস্য কর্মকর্তা (অ.দা.)	চিফ ইনোভেশন অফিসার
২.	জনাব সুমন মিয়া, অফিস সহায়ক	সদস্য
৩.	জনাব সজীব চন্দ্র ঘোষ, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	সদস্য সচিব

#### ২। ইনোভেশন টিমের কার্যপরিধি :

- স্থায়ী কার্যালয়ের সেবা প্রদান প্রক্রিয়া এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়ন;
- এই সংক্রান্ত কার্যক্রমের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বছরের শুরুতে মাসিক সমন্বয় সভার অনুমোদন গ্রহণ ও বাস্তবায়ন;
- কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতির পর্যালোচনা এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন;
- উপজেলা পর্যায়ে গঠিত সংশ্লিষ্ট অন্যান্য ইনোভেশন টিমের সহিত যোগাযোগ ও সমন্বয় সাধন; এবং
- প্রতি বছর ৩১ জানুয়ারির মধ্যে পূর্ববর্তী একটি পূর্ণাঙ্গ বার্ষিক প্রতিবেদন প্রণয়ন, উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ এবং স্থায়ী ওয়েবসাইটে প্রকাশ করা।

#### ৩। চিফ ইনোভেশন অফিসারের দায়িত্ব ও কার্যাবলি :

- অত্র কার্যালয়ে ইনোভেশন টিমের নেতৃত্ব প্রদান;
- পরিবর্তনের রূপকার হিসাবে স্থায়ী কার্যালয়ে সেবা প্রদান ও অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়নের লক্ষ্যে সৃজনশীল চর্চার সংস্কৃতি ও ক্ষেত্র গড়িয়া তোলা, আইসিটি ও সকল উদ্ভাবনী কার্যক্রমের ব্যাপকতা বৃদ্ধির মাধ্যমে সরকারি কাজকর্মে উদ্ভাবনকে উৎসাহিত করা, প্রয়োজনীয় প্রশিক্ষণের মাধ্যমে টিম-সদস্যগণের কর্মস্পৃহা বিকাশ সাধন এবং উদ্ভাবনী মেলার প্রতিযোগিতায় অংশগ্রহণ;
- নাগরিকসেবা সহজীকরণ (Service Process Simplification)- এর জন্য বিদ্যমান ব্যবস্থার সংস্কার সাধন এবং সিটিজেন চার্টারের যথাযথ বাস্তবায়ন;
- স্থায়ী কার্যালয়ের সম্ভাব্য সকল সেবাকে ই-সেবায় রূপান্তরে সমন্বয়কের দায়িত্ব পালন এবং ই-ফাইল ব্যবস্থাপনা পদ্ধতি ও চিঠিপত্র, ডকুমেন্ট ইত্যাদি ইলেকট্রনিক পদ্ধতিতে আদান-প্রদানের ব্যবস্থা গ্রহণকে উৎসাহিতকরণ;
- স্থায়ী কার্যালয়ের যাবতীয় তথ্যাবলির সন্নিবেশ করে প্রতিষ্ঠানের প্রোফাইল তৈরি ও হালনাগাদ রাখার ব্যবস্থা গ্রহণ এবং কার্যালয়ের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ এবং ওয়েবসাইটে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ;
- জাতীয় আইসিটি নীতিমালায় বর্ণিত ICT Action –এর যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকরণ;
- স্থায়ী কার্যালয়ের আইসিটি কার্যক্রমের বাজেট তৈরি, প্রকল্প গ্রহণ, কার্যক্রম পর্যবেক্ষণ, অগ্রগতি মূল্যায়ন এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন;
- তথ্য অধিকার আইন অনুসারে স্থায়ী কার্যালয়ের নির্ধারিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সহিত সমন্বয় সাধন; এবং
- জাতীয় ই-জিফ (eGIF: e-Governance Interoperability Framework) - এর আওতায় আইসিটি কার্যক্রমকে আদর্শমানে আনয়ন (Standardization) ও ইন্টারঅপারেবিলিটি নিশ্চিতকরণ।  
অ: পৃ: ২ দ্র:



১৮/০৮/২০২৫

(সাবিকুন্নাহার)

উপজেলা মৎস্য কর্মকর্তা (অ. দা.)

হোসেনপুর, কিশোরগঞ্জ


ই-মেইল : [ufohossainpur@fisheries.gov.bd](mailto:ufohossainpur@fisheries.gov.bd)

তারিখ : ১৮/০৮/২০২৫ খ্রি.

স্মারক নম্বর : ৩৩.০২.৪৮২৭.৫০১.৩৬.০৬৬.২৫.২৪৫/১(৭)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা (প্রয়োজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. পরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা।
২. জেলা মৎস্য কর্মকর্তা, কিশোরগঞ্জ।
৩. উপজেলা নির্বাহী অফিসার, হোসেনপুর, কিশোরগঞ্জ।
৪. জনাব .....।
৫. অফিস কপি।



১৮/০৮/২০২৫

(সাবিকুন্নাহার)

উপজেলা মৎস্য কর্মকর্তা (অ. দা.)